



১৭

**স্কুলগৃহের ছাদ ধসে পড়ার
আশংকা ॥ ট্রেনে কাটা পড়ে**

১ জনের মৃত্যু ॥ অগ্নিকাণ্ড

গৌরীপুর (ময়মনসিংহ), ২য় জানয়ারী (নিজস্ব সংবাদদাতা)। - কেম্‌ডা উপজেলার মাসকা ইউনিয়নের রামচন্দ্রপুর প্রাথমিক বিদ্যালয় ভবনে ফাটল দেখা দেয়ায় ছাদ ধসে পড়ার আশংকা দেখা দিয়েছে।

১৯৬২ সালে এই স্কুল গৃহটি নির্মাণ করা হয়। কিন্তু দীর্ঘদিন যাবৎ স্কুলগৃহ সংস্কার ও মেরামত না করায় বৃষ্টি হলেই ছাদ দিয়ে পানি ঝরে। বর্তমানে ছাদে ও দেয়ালে ফাটল দেখা দিয়েছে এবং যে কোন সময়েই ছাদ ধসে পড়তে পারে বলে আশংকা করা হচ্ছে।

পাঠ্যপুস্তক বরাদ্দ
১৯৮৭ শিক্ষাবর্ষে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য ময়মনসিংহ জেলার ৫টি উপজেলায় ১ লাখ ৪৪ হাজার ২শ' ৫৫টি পাঠ্যপুস্তক বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে ময়মনসিংহ জেলার গৌরীপুর উপজেলায় ২৫ হাজার ৫শ' ২০টি, ঈশ্বরগঞ্জ উপজেলায় ২৮ হাজার ২শ' ৮টি, নালাইল উপজেলায় ৩৬ হাজার ২শ' ৭০টি, ফুলপুর উপজেলায় ৩৪ হাজার ৬শ' ৬০টি এবং হালুয়াঘাট উপজেলায় ১৯ হাজার ৬শ' ৫টি এই বিনামূল্যে বিতরণের জন্য বরাদ্দ করা হয়েছে বলে জানা গেছে। উল্লেখ্য যে, বরাদ্দকৃত এই সব পুস্তক সরকারী, বেসরকারী, প্রাথমিক বিদ্যালয়ের শিশু শ্রেণী হতে ৫ম শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বিতরণ করা হবে।